

## রাশিয়া ও উত্তর কোরিয়ায় যাত্রীবাহী ফ্লাইট চালু

- A Monitor Desk Report

Date: 28 July, 2025



**ঢাকাঃ উত্তর কোরিয়ার রাজধানী পিয়ংইয়ংয়ের সঙ্গে মস্কোর সরাসরি যাত্রীবাহী ফ্লাইট চালু হবে বলে জানিয়েছে রুশ কর্তৃপক্ষ।**

রবিবার ( ২৭ জুলাই)এ ঘোষণা দেয় রাশিয়া। ১৯৯০-এর দশকের মাঝামাঝি সময়ের পর প্রথমবারের মতো রাজধানী দুটির মধ্যে নিয়মিত ফ্লাইট চালু হচ্ছে। এর আগে জুন মাসে মস্কো-পিয়ংইয়াং যাত্রীবাহী ট্রেন পরিষেবা পুনরায় চালু হয়েছে।

২০২২ সালে ইউক্রেনে রাশিয়ার আক্রমণের পর সাবেক কমিউনিস্ট মিত্র এই দুই দেশের সম্পর্ক উন্নয়নের পথে এগোচ্ছে।

এদিকে রবিবার রাশিয়ার রাষ্ট্রীয় বার্তা সংস্থা জানিয়েছে, ৮ ঘণ্টার এই ফ্লাইটটি ৪৪০ আসনবিশিষ্ট বোয়িং ৭৭৭-২০০ ইআর উডোজাহাজ দ্বারা পরিচালিত হবে। প্রথম ফ্লাইট শেরেমেতেভো বিমানবন্দর থেকে রবিবার সন্ধ্যা ৭টায় ছাড়ার কথা রয়েছে বলে বিমানবন্দরের সময়সূচিতে উল্লেখ করা হয়েছে।

আরআইএ আরও জানায়, টিকিটের দাম শুরু হয়েছে ৪৪,৭০০ রুবল (৫৬৩ ডলার) থেকে এবং প্রথম ফ্লাইটটির টিকিট দ্রুত বিক্রি হয়ে গেছে।

রাশিয়ার বেসামরিক উডোজাহাজ চলাচল কর্তৃপক্ষ রোসাভিয়াটসিয়া নর্ডইন্ড এয়ারলাইন্সকে মস্কো ও পিয়ংইয়ংয়ের মধ্যে সপ্তাহে দু'বার ফ্লাইট পরিচালনার অনুমতি দিয়েছে। তবে পরিবহন মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, আপাতত মাসে একবার ফ্লাইট পরিচালিত হবে। রাশিয়া ও উত্তর কোরিয়ার মধ্যে একমাত্র সরাসরি আকাশপথ হচ্ছে উত্তর কোরিয়ার বাহক এয়ার কোরিওর ভ্যাডিডোস্টকের সঙ্গে সপ্তাহে তিনবারের ফ্লাইট।

-B

